

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২০৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আনাস রাদিয়াল্লাহু আনহুঁর মা, তার খালা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পিছনে যে সালাত আদায় করেন, সেটা ভিন্ন সালাত যা উম্মু সুলাইম একাকী আদায় করেছিলেন

ذَكَرُ الْبَيَّانِ بِأَنَّ هَذِهِ الصَّلَاةَ الَّتِي كَانَتْ أُمَّ أَنَسٍ وَخَالَتُهُ اصْطَفَا خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةً أُخْرَى غَيْرَ تِلْكَ الصَّلَاةِ الَّتِي كَانَتْ أُمَّ سُلَيْمٍ وَحَدَّاهَا تَصْلِي

আরবী

2204 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا عُمَرُ بْنُ مُوسَى الْحَادِي قَالَ: حَدَّثَنَا حَمَادُ بْنُ سَلَمَةَ وَحَمَادُ بْنُ زَيْدٍ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسٍ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى بَسَاطٍ فَأَقَامَنِي عَنْ يَمِينِهِ وَقَامَتْ أُمَّ سُلَيْمٍ وَأُمُّ حَرَامٍ خَلْفَنَا.  
الراوي : أنس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 2204 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))  
(621)

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: فِي هَذَا الْخَبَرِ بَيَانٌ وَاضِحٌ أَنَّ هَذِهِ الصَّلَاةَ خِلَافَ الصَّلَاةِ الَّتِي حَكَاهَا إِسْحَاقُ بْنُ أَبِي طَلْحَةَ عَنْ أَنَسٍ لِأَنَّ فِي تِلْكَ الصَّلَاةِ قَامَ أَنَسٌ وَالْيَتِيمُ مَعَهُ خَلْفَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْعَجُوزُ وَحَدَّاهَا وَرَاءَهُمْ وَكَانَتْ صَلَاتُهُمْ تِلْكَ عَلَى حَصِيرٍ.

وَهَذِهِ الصَّلَاةُ قَامَ أَنَسٌ عَنْ يَمِينِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأُمَّ سُلَيْمٍ وَأُمَّ حَرَامٍ خَلْفَهُمَا وَكَانَتْ صَلَاتُهُمْ عَلَى بَسَاطٍ فَدَلَّ ذَلِكَ عَلَى أَنَّهُمَا صَلَاتَانِ لَا صَلَاةً وَاحِدَةً.

বাংলা

২২০৪. আনাস রাদিয়াল্লাহু আনহুঁর থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিয়ে একটি বিছানার উপর সালাত আদায় করেন। তিনি আমাকে তাঁর ডানে দাঁড় করান আর উম্মু সুলাইম ও উম্মু

হরাম আমাদের পিছনে দাঁড়ান।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসে স্পষ্ট বর্ণনা রয়েছে যে, ইসহাক বিন আবু তালহা আনাস রাহিয়াল্লাহু আনহু থেকে যে সালাতের বিবরণ দিয়েছেন, এটি সেই সালাত নয়। কেননা সেই সালাতে আনাস রাহিয়াল্লাহু আনহু ও তার সাথে আরেকজন ইয়াতিম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পিছনে দাঁড়িয়েছিলেন আর বৃদ্ধা দাঁড়িয়েছিলেন তাদের পিছনে একাকী, তাদের সালাতটি ছিল চাটাইয়ের উপর।

আর এই সালাতে আনাস রাহিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ডানে দাঁড়িয়েছিলেন আর উম্মু সুলাইম ও উম্মু হরাম তাদের দুইজনের পিছনে দাঁড়িয়েছিলেন। তাদের সালাত ছিল বিছানার উপর। কাজেই এটা প্রমাণ করে যে, দুটো আলাদা সালাত ছিল; এক সালাত ছিল না।”

## ফুটনোট

[1] আবু দাউদ: ৬০৮; আত তায়ালিসী: ২০২৭; আবু আওয়ানা: ২/৭৬; সহীহ মুসলিম: ৬৬০; নাসাঈ: ২/৮৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৬২১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91522>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন